



হাইকোর্টে তিন মামলায় সাবেক রেলমন্ত্রী সুজনের জামিন



সাবেক রেলমন্ত্রী সুজন। ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় সংঘটিত একটি হত্যাকাণ্ডসহ তিনটি পৃথক মামলায় সাবেক রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজনকে জামিন দিয়েছেন হাইকোর্ট।

মঙ্গলবার (৫ মে) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের বেঞ্চ এ আদেশ দেন। এর আগে তিনি এসব মামলায় জামিন চেয়ে আবেদন করেন। মামলার তথ্য অনুযায়ী, ২০২৪ সালের ২৮ সেপ্টেম্বর যাত্রাবাড়ীতে রফিকুল ইসলাম নামের এক ব্যক্তিকে কুপিয়ে হত্যার অভিযোগে দায়ের করা মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানো হয়। এর আগে ১৭ সেপ্টেম্বর তাকে গ্রেপ্তার দেখানো হয় এবং ২২ সেপ্টেম্বর পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করা হয়। মামলার বাদী নিহত রফিকুল ইসলামের স্ত্রী নাজিয়া আক্তার। তিনি ২৮ আগস্ট মামলাটি দায়ের করেন। এতে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ মোট ১৯৫ জনকে আসামি করা হয়। এদিকে ২০২৪ সালের ১৬ সেপ্টেম্বর রাতে রাজধানীর শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল থেকে পুলিশ তাকে আটক করে। পরদিন যাত্রাবাড়ী থানায় ইমরান হোসেন নামের এক তরুণের মৃত্যুর ঘটনায় দায়ের হওয়া আরেকটি হত্যা মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে হাজির করা হয়।